

২০/১১/২০২৩

বরাবর

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

পাবনা জেলা কার্যালয়, পাবনা।

**বিষয়ঃ নৈমিত্তিক ছুটিসহ সাময়িক কর্মস্থল ত্যাগের অনুমতির জন্য আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আপনার অধীন কর্মরত একজন কর্মচারী। অদ্য ২০ নভেম্বর হতে ২৩ নভেম্বর পর্যন্ত আমার একাডেমিক ইনকোর্স পরীক্ষার রুটিন প্রকাশ হয়। যা আমি কর্মস্থলে থাকায় গতকাল জানতে পারি। সুতরাং ২২ ও ২৩ নভেম্বর পরীক্ষায় অংশগ্রহণ করে ফরম পূরণের সুযোগ লাভের জন্য আগামী বুধবার ও বৃহস্পতিবার কর্মস্থল ত্যাগ করা জরুরী।

এমতাবস্থায়, আমার অসহায়ত্ব বিবেচনা করে উপরোল্লিখিত ০২ (দুই) দিন নৈমিত্তিক ছুটি মুঞ্জুর করে ২২ নভেম্বর হতে ২৫ নভেম্বর পর্যন্ত আমায় সাময়িক কর্মস্থল ত্যাগের অনুমতিদানে মহোদয়ের একান্ত মর্জি হয়।

**ছুটিকালীন ঠিকানাঃ**

পুঠিয়া, রাজশাহী।

নিবেদিকা

Hosneara  
20.11.2023  
(হোসনেয়ারা খাতুন)

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক,

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,

পাবনা জেলা কার্যালয়, পাবনা।